

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক নম্বর : ৩৩৭-অনলাইন-১৪২/২/১৪৪

২৯ জুন, ২০২০ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয় : যশোর শিক্ষা বোর্ডের ONLINE CLASSROOM-এ ডিজিটাল কনটেন্ট/ভিডিও ক্লাস আপলোড প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ডের অনুমোদিত ৩৩৫৩ স্কুল-কলেজে প্রায় ১৪ লক্ষাধিক ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। এ সকল ছাত্রছাত্রীদের মানবিক মূল্যবোধসম্পন্ন ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে পাঠদান ও শিক্ষাসংক্রান্ত কার্যাদি পরিচালনায় প্রায় ৫২,০০০ শিক্ষক দায়িত্ব পালন করে চলেছেন। বর্তমান সরকার শিক্ষকগণকে তথ্যপ্রযুক্তিতে দক্ষ করে তুলতে নানামুখী কর্মসূচি বাস্তবায়ন করে চলেছে। এরই ধারাবাহিকতায় শিক্ষায় আধুনিক প্রযুক্তি ব্যবহার করে শিক্ষক-শিক্ষার্থীকে দূরে রেখেও একে অপরের মুখোমুখি বসাতে যশোর শিক্ষা বোর্ড ONLINE CLASSROOM নামে একটি সফটওয়্যার তৈরি করেছে, যেখানে শ্রেণিশিক্ষকগণ পাঠ্যপুস্তকের আলোকে অধ্যায় ও শিক্ষণফলভিত্তিক ডিজিটাল কনটেন্ট/ভিডিও ক্লাস আপলোড করতে পারবেন এবং ছাত্র-ছাত্রীরা পছন্দমতো কনটেন্ট/ভিডিও ক্লাস বারবার দেখার বা ডাউনলোড করার সুযোগ পাবে।

- ২। উপরিউক্ত বর্ণনার আলোকে যশোর শিক্ষা বোর্ডের অনুমোদিত সকল স্কুল-কলেজে কর্মরত শিক্ষকগণ পাঠ্যপুস্তকের আলোকে ডিজিটাল কনটেন্ট/ভিডিও ক্লাস তৈরি করে নিম্নের ম্যানুয়ালের সহায়তায় যশোর শিক্ষা বোর্ডের ONLINE CLASSROOM-এ আপলোডের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সকল প্রতিষ্ঠান প্রধান তাঁর অধীনস্থ শ্রেণিশিক্ষকগণকে যশোর শিক্ষা বোর্ডের ONLINE CLASSROOM-এ ডিজিটাল কনটেন্ট/ভিডিও ক্লাস তৈরি করে আপলোডের জন্য নোটিশ প্রদান করবেন।
- ৪। ম্যানুয়াল: যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করে ONLINE CLASSROOM এরপর Upload video class বাটনে ক্লিক করে বোর্ড থেকে প্রদত্ত শিক্ষক OTP আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে। এরপর Video Class→Add Video Class মেন্যুতে ক্লিক করে শ্রেণি, বিষয় ও অধ্যায় সিলেক্ট করে ডিজিটাল কনটেন্ট/ভিডিও ক্লাস আপলোড করতে হবে।

বি.দ্র.: সহায়তার জন্য ফোন নম্বর: ০১৭১২-৪০৪১২৩, ০১৯১৪-৩১৬৯৯২, ০১৭৮১৫৯৫৭৫৯, ০১৭১৬-১০৪২০২, ০১৭১৭-৮১২৭৯৩, ০১৬২৫-৭১২৮১৪, ০৭১২৮-২৯৫৮৮৯, ০১৯১২-২১৪১৮২, ০১৭২৮-২৩৪১৮৬, ০১৭২০-৫৮৯৫৩৫

অধ্যক্ষ/প্রধানশিক্ষক

এ বোর্ডে অনুমোদিত সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়/কলেজ




(প্রফেসর ড.মোল্লা আমীর হোসেন)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর।



২৯ জুন, ২০২০ খ্রি.

স্মারক নম্বর :

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর খুলনা অঞ্চল
- ৪-৭। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮। জেলা শিক্ষা অফিসার, যশোর/বিনাইদহ/সাতক্ষীরা/বাগেরহাট/মেহেরপুর/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/নড়াইল/মাগুরা/খুলনা
- ৯। সভাপতি, যশোর শিক্ষা বোর্ডের অনুমোদিত সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের
ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি /এডহক কমিটি /নির্বাহী কমিটি
- ১০। অফিস কপি